


- ৩২) সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়----- সদস্য
৩৩) সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়-- সদস্য

আমন্ত্রণক্রমে: সভাপতি, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় বিষয়ক সংসদীয় স্থায়ী কমিটি/ বায়রা এবং সিভিল সোসাইটি/ গণ্যমান্য ব্যক্তিবর্গ।

(খ) কমিটির কার্যপরিধি (Terms of Reference) :

- ১) অভিবাসী নারী ও পুরুষ কর্মীদের অধিকার রক্ষা এবং শ্রম-অভিবাসনকে জাতীয় উন্নয়নের মূলধারায় সম্পৃক্ত করার লক্ষ্যে, যেসব বিষয়ে আন্তঃমন্ত্রণালয় সমন্বয় ও সহযোগিতার প্রয়োজন রয়েছে সে সব বিষয়ে আলোচনা ও কার্য ব্যবস্থা গ্রহণার্থে নির্দেশনা প্রদান।
 - ২) প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় এবং আইন বাস্তবায়নের দায়িত্বে থাকা উক্ত মন্ত্রণালয়ের বিভিন্ন উইং, বিভাগ, সংস্থা, তহবিল এবং ব্যাংক ইত্যাদি প্রতিষ্ঠানগুলোকে শ্রম-অভিবাসন এবং এ সংক্রান্ত উল্লেখযোগ্য নীতি ও সংস্কার সম্পর্কে প্রয়োজনীয় পরামর্শ, নির্দেশনা ও সহায়তা প্রদান।
 - ৩) সরকারের সংশ্লিষ্ট বিভিন্ন মন্ত্রণালয় ও সংস্থা, শ্রমিক ও নিয়োগকর্তাদের সংগঠন এবং নাগরিক সমাজের সংগঠনগুলোসহ সব স্টেক হোল্ডাররা যেন অভিন্ন পদ্ধতি (Uniform approach) প্রয়োগের মাধ্যমে একটি কার্যকর ও স্বচ্ছ শ্রম-অভিবাসন পরিচালনা কাঠামো প্রতিষ্ঠা করতে পারে সে লক্ষ্যে তাদের জন্য অনুসরণীয় প্রক্রিয়া ও কার্যপ্রণালী নির্ধারণ।
 - ৪) প্রত্যগত অভিবাসী কর্মীদের সামাজিক সুরক্ষা এবং সামাজিক ও পেশাগত পুনর্বাসনের লক্ষ্যে একটি উপ-নীতি (sub-policy) প্রণয়ন এবং বাস্তবায়নের কাজে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়কে সহযোগিতা প্রদান।
 - ৫) স্বল্প-মেয়াদী চুক্তিভিত্তিক অভিবাসী কর্মী, বিশেষ করে নারী কর্মীদের সুরক্ষা এবং বাংলাদেশের প্রতি তাদের অবদান অব্যাহত রাখতে উৎসাহিত করার লক্ষ্যে বিশ্বব্যাপী বাংলাদেশী প্রবাসী সমাজগুলোর মধ্যে বন্ধন ও যোগাযোগ সৃষ্টিতে সহায়তা করা।
 - ৬) ক) বছরে অন্তত এক বার স্টিয়ারিং কমিটির বৈঠক অনুষ্ঠিত হবে।
খ) জাতীয় শ্রম-অভিবাসন ফোরাম এবং স্টিয়ারিং কমিটির বৈঠকের মধ্যকার ব্যবধান ছয় মাসের বেশী হবে না।
গ) প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় স্টিয়ারিং কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে। সাচিবিক কার্যক্রমসমূহ যেমন- স্টিয়ারিং কমিটিকে তার বৈদেশিক কর্মসংস্থান বিষয়ক দায়িত্ব পালন এবং জাতীয় শ্রম-অভিবাসন ফোরামসহ অন্যান্য কর্তৃপক্ষের সাথে সমন্বয় সাধনে সহায়তা প্রদান ইত্যাদি এই মন্ত্রণালয়ের সচিবের নেতৃত্বে পরিচালিত হবে।
- ২। জনস্বার্থে এ প্রজ্ঞাপন জারী করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে


২৯/২/২০১৬

(মোঃ মোখলেছুর রহমান আকন্দ)

উপসচিব

পরিচিতি নং : ১৫১২৮।

ফোন নং : ৫৫১৩৮০৮১।

ফ্যাক্স নং : ৯৩৩০৭৬৬।


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিকল্পনা বিভাগ
সমন্বয় অধিশাখা
www.plandiv.gov.bd

নং-২০.০০.০০০০.৩৩২.৯৯.০১৩.১৫- ২৪০

তারিখঃ ২১ চৈত্র, ১৪২৪ বঙ্গাব্দ
০৫ এপ্রিল, ২০১৮ খ্রিস্টাব্দ

পৃষ্ঠাংকনপূর্বক প্রজ্ঞাপনের অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক, জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি, নীলক্ষেত, ঢাকা।
২. অতিরিক্ত সচিব (সকল), পরিকল্পনা বিভাগ, ঢাকা।
৩. প্রধান (সকল), পরিকল্পনা কমিশন, ঢাকা।
৪. মহাপরিচালক, বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান, আগারগাঁও, ঢাকা।
৫. যুগ্মসচিব (সকল), পরিকল্পনা বিভাগ, ঢাকা।
৬. যুগ্মপ্রধান (এনইসি, একনেক ও সমন্বয় অনুবিভাগ), পরিকল্পনা বিভাগ, ঢাকা।
৭. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
৮. উপসচিব (সকল), পরিকল্পনা বিভাগ, ঢাকা।
৯. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয় ও পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
১০. উপপ্রধান (পরিকল্পনা শাখা), পরিকল্পনা বিভাগ, ঢাকা।
১১. সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
১২. সচিবের একান্ত সচিব, পরিকল্পনা বিভাগ, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৩. সিনিয়র সহকারী সচিব (সকল), পরিকল্পনা বিভাগ, ঢাকা।



(শ্যামল কুমার সিংহ)

যুগ্মসচিব

ফোনঃ ৯১১৭৯১৪

dsplandivco@gmail.com